



স্মারক নং-বুটেক্স/একা/১৫৪/২০২৩/

তারিখঃ ০২/০৫/২০২৪ খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা এই বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত শিক্ষার্থীদের সহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ে বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে অধ্যয়নরত এ্যাপারেল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী ইওরমা শায়ের জাহান (২০১৭-১-৪-০০৩) এবং মোঃ জাকারিয়া বিন হোসেন (২০১৮-১-৪-০৪৬) কর্তৃক গত ০৮/১১/২০২৩ তারিখে দায়েরকৃত বাংলাদেশ সুপ্রিম কোর্টের মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৪০০৪/২০২৩ এর ২৮/০২/২০২৪ তারিখের আদেশে অনুসারে ইওরমা শায়ের জাহান (পিটিশনার নম্বর-১) এবং মোঃ জাকারিয়া বিন হোসেন (পিটিশনার নম্বর-২) এর একাডেমিক কার্যক্রম নিম্নোক্তভাবে চালিয়ে যাওয়ার নির্দেশ প্রদান করা হলো।

ইওরমা শায়ের জাহান (পিটিশনার নম্বর-১)ঃ

১. ইওরমা শায়ের জাহান (পিটিশনার নম্বর-১) ২০২১-২২ সেশনে লেভেল-৩ টার্ম-২ এ পুনঃভর্তি হবে এবং তাকে লেভেল-৩ টার্ম-২ এর একটি বিষয় "AE305ঃ Apparel Washing, Dying and Printing" ২০২১-২২ সেশনের সাথে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
২. তাকে লেভেল-৩ টার্ম-২ পর্যন্ত অকৃতকার্য ব্যবহারিক বিষয়/বিষয়সমূহে যথারীতি ক্লাস করে কৃতকার্য হতে হবে।
৩. তাকে লেভেল-৩ টার্ম-১ পর্যন্ত অকৃতকার্য ০৯ (নয়) টি তাত্ত্বিক বিষয়ে যথারীতি রিটেক পরীক্ষায় অংশগ্রহণ করে কৃতকার্য হতে হবে।
৪. তাকে তার জন্য প্রয়োজ্য একাডেমিক রেগুলেশনের ১৩.৫ ধারা অনুসরণ করে পরবর্তী লেভেল ও টার্মে উন্নীত হয়ে একাডেমিক কার্যক্রম সম্পন্ন করতে হবে।

মোঃ জাকারিয়া বিন হোসেন (পিটিশনার নম্বর-২)ঃ

৫. তাকে লেভেল-৪ টার্ম-২ এর ইন্ডাস্ট্রিয়াল এ্যাটচমেন্ট, প্রজেক্ট ওয়ার্ক, কম্পিউরেনসিভ ভাইভাসহ চূড়ান্ত পরীক্ষায় পরবর্তী একাডেমিক সেশন (২০২১-২০২২) অর্থাৎ ৪৫তম ব্যাচের সাথে অংশগ্রহণ করে একাডেমিক কার্যক্রম সম্পন্ন করতে হবে।

তাদের বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে পুনঃভর্তির জন্য বুটেক্স এর ওয়েবসাইট <http://www.butex.edu.bd> ওপেন করে Fees Payment → Others Fee → BSC → Re-admission এ ক্লিক করে স্টুডেন্ট আইডি লিখে সার্চ করলে বিস্তারিত তথ্য পাওয়া যাবে। অতঃপর তাদেরকে নির্দিষ্ট ফিন্ডে প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে **Sonali Payment Gateway** এর মাধ্যমে সোনালী ব্যাংক এর একাউন্ট টু একাউন্ট, সোনালী-ই-ওয়ালেট, ভিসা কার্ড, মাস্টার কার্ড, এমেসক কার্ড, নেস্লেস কার্ড (ডিবিবিএল), বিকাশ, নগদ, রকেট, উপায় অথবা ট্যাপ এর মাধ্যমে নির্ধারিত ভর্তি ফি ১৬০০/- (এক হাজার ছয়শত) টাকা আগামী ০৪/০৫/২০২৪ তারিখের মধ্যে জমা দিয়ে স্ব স্ব লেভেল ও টার্মে পুনঃভর্তির প্রক্রিয়া সম্পন্ন করার নির্দেশ প্রদান করা হলো। এক্ষেত্রে নির্ধারিত অনলাইন চার্জ শিক্ষার্থীদেরকে প্রদান করতে হবে।

২। অনলাইনে ফি জমা দেওয়ার পর জমা রশিদ প্রিন্ট করে ১ কপি অবশ্যই একাডেমিক শাখায় জমা দিতে হবে। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট শিক্ষার্থীদেরকে ভর্তি কার্যক্রম সম্পন্ন করে নিজ নিজ বিভাগের বিভাগীয় প্রধানের নিকট রিপোর্ট করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

স্বাক্ষরিত/-
(কাবেরী মজুমদার)
রেজিস্ট্রার

তারিখঃ ০২/০৫/২০২৪ খ্রিঃ

স্মারক নং-বুটেক্স/একা/১৫৪/২০২৩/২০৬

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। সকল ডীন, বুটেক্স।
- ২। সকল বিভাগীয় প্রধান, বুটেক্স।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর, বুটেক্স।
- ৪। উপ-পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, বুটেক্স।

একাডেমিক শাখা, রেজিস্ট্রার কার্যালয়
বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়
তেজগাঁও, ঢাকা-১২০৮।
ফোন নং: +৮৮০২-৪৮১১২৪৪২।
Website: www.butex.edu.bd



Academic Section, Office of the Registrar
Bangladesh University of Textiles
Tejgaon, Dhaka-1208.
Phone No: +8802-48112442.
E-mail : academic@regioffice.butex.edu.bd

- ৫। ডেপুটি জেনারেল ম্যানেজার, গভঃ একাউন্টস এন্ড সার্ভিসেস ডিভিশন (সার্ভিসেস ডিপার্টমেন্ট), প্রধান কার্যালয়, সোনালী ব্যাংক লিঃ, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৬। আইসিটি সেল (বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), বুটেক্স।
- ৭। পিএস টু ভিসি, ভিসি অফিস (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), বুটেক্স।
- ৮। নোটিশ বোর্ড, বুটেক্স।
- ৯। সংশ্লিষ্ট নথি।

(মুহাম্মদ শরীফুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার (এইচআর)